

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা-১।

**বিষয়ঃ** ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের ফেব্রুয়ারী, ২০১৬  
মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

৩০/০৩/২০১৬ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৫-২০১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের ফেব্রুয়ারী, ২০১৬  
ফেব্রুয়ারী, ২০১৬ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব  
মোঃ আব্দুল জলিল।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযোজিত।

৩। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৫-২০১৬ অর্থ  
বছরের বাজেট ৪২৭৮২.১০ লক্ষ টাকা (অননুময়ন ১৭৫৯৫.১০ + উন্নয়ন ২৫১৮৭.০০)। অননুমোদিত প্রকল্পসমূহের জন্য ২৬০০.০০ লক্ষ  
টাকা থোক বরাদ্দ রয়েছে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের এডিপিতে অনুমোদিত ০৫টি এবং  
অননুমোদিত ১৬টি প্রকল্প অন্তভুক্ত রয়েছে। এডিপিভুক্ত অনুমোদিত প্রকল্পসমূহের অনুকূলে চলতি অর্থ বছরে বরাদ্দ রয়েছে ২২৫৮৭.০০ লক্ষ  
টাকা। ফেব্রুয়ারী, ২০১৬ পর্যন্ত অবমুক্ত হয়েছে ১১৮৬৫.২৫ লক্ষ টাকা (৫২.৫০ %) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ১১৫২৫.০৪ লক্ষ টাকা  
(৫১.০২%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
৩.১	“মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পঃ সভায় প্রকল্পটির অগ্রগতি কর্ম হওয়ার বিষয়ে সভাপতি জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, ৩য় কিস্তির অর্থ ছাড়ে বিলম্ব হওয়ায় শিক্ষকদের সম্মানী ভাতা পরিশোধ করা সম্ভব হয়নি। বর্তমানে ৩য় কিস্তির অর্থ ছাড় হওয়ায় শিক্ষকদের বকেয়া সম্মানী ভাতা পরিশোধ করা সম্ভব হবে এবং প্রকল্পের আর্থিক অগ্রগতি আশানুরূপ হবে। সভায় একনেক সভার সিদ্ধান্ত অনুযায়ী আলোচ্য প্রকল্পের আওতায় প্রাথমিক শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে যে সকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা আলোচিত হয়। একনেক সভায় প্রদত্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বিধি-বিধান প্রতিপালন পূর্বক বাস্তবায়ন করতে হবে।	ক) “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পের শিক্ষক/শিক্ষিকাদের বকেয়া সম্মানী ভাতা পরিশোধ করতে হবে। খ) “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পের বিষয়ে একনেক সভায় প্রদত্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বিধি-বিধান প্রতিপালন পূর্বক বাস্তবায়ন করতে হবে।	মহাপরিচালক, ইফা ও প্রকল্প পরিচালক ত্র
৩.২	সভায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহের Project schedule অনুযায়ী ও Action Plan মোতাবেক যথাসময়ে কাজ সম্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয়।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহের Project schedule ও Action Plan অনুযায়ী যথাসময়ে কাজ সম্পন্ন করতে হবে।	প্রকল্প পরিচালক (সকল)
৩.৩	সভায় প্রকল্প প্রণয়ন, অনুমোদন ও বাস্তবায়নের সাথে জড়িত সংশ্লিষ্ট সকলকে সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক নিষ্ঠার সাথে দায়িত্ব কর্তব্য পালন করার উপর গুরুত্বারোপ করা হয়।	প্রকল্প প্রণয়ন, অনুমোদন ও বাস্তবায়নের সাথে জড়িত সংশ্লিষ্ট সকলকে সরকারি বিধি-বিধান অনুসরণ পূর্বক নিষ্ঠার সাথে দায়িত্ব কর্তব্য পালন করতে হবে।	সংস্থা প্রধান (সকল) ও প্রকল্প পরিচালক, প্রকল্পের কর্মকর্তা/কর্মচারী (সকল), এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা
৩.৪	২৯/০৩/২০১৬ তারিখে অনুষ্ঠিত সচিব কমিটির সভার আলোচনা অনুযায়ী প্রকল্প প্রণয়নের সময় প্রকল্পের নাম বাংলায় রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	২৯/০৩/২০১৬ তারিখে অনুষ্ঠিত সচিব কমিটির সভার আলোচনা অনুযায়ী প্রকল্প প্রণয়নের সময় প্রকল্পের নাম বাংলায় রাখতে হবে।	সংস্থা প্রধান (সকল) এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরঃ-১৩/০৪/২০১৬

মোঃ আব্দুল জলিল

ভারপ্রাপ্ত সচিব

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

(অপর পৃঃ দ্রঃ)

নং-১৬,০০,০০০,০০৮,০৮,০৮২,১৪/৯২৭

তারিখ: ১৭.০৮.২০১৬ খ্রি:

অনুলিপি: জাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠতাত্ত্বিকমানুসারে নয়)।

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দঃ আঃ উপ-সচিব, বাজেট শাখা-২৩)  
০৩। অতিরিক্ত সচিব, প্রশাসন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
০৪। যুগ্ম-সচিব(সংস্থা/উন্নয়ন/হজ্জ/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
০৫। মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেন্টার, শেরে বাংলা নগর, ঢাকা।  
০৬। ওয়াকফ প্রশাসক, ওয়াকফ প্রশাসকের কার্যালয়, নিউ স্কাইটন, ঢাকা।  
০৭। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।  
০৮। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।  
০৯। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।  
১০। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।  
১১। উপ-সচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
১২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
১৩। প্রকল্প পরিচালক, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।  
১৪। প্রকল্প পরিচালক, “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪ৰ্থ পর্যায়” শীর্ষক প্রকল্প, ১/আই, পরিবাগ, ঢাকা।  
১৫। প্রকল্প পরিচালক “প্যাগোড ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা” শীর্ষক প্রকল্প, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।  
১৬। প্রকল্প পরিচালক, “ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ” শীর্ষক প্রকল্প, ৮৮২ (২য় তলা), শহীদবাগ, শাহজাহানপুর, ঢাকা।  
১৭। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।  
১৮। সচিব, হিন্দু /বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।  
১৯। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।  
২০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।  
২১। ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(সভার কার্যবিবরণটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।  
২৩। অফিস কগি/গার্ড ফাইল।

শেখ শামছুর রহমান  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ৯৫৭৭২৩৭